



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক বাস্তব অগ্রগতি

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যাউবি-১(৫৯)কেভিড-১৯/২০১৯-২০২০/১৩৩৯

তারিখঃ ০১-০৬-২০২০ ইং

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বিকেবি মাসিক স্কীমসমূহের বকেয়া কিস্তি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

করোনা ভাইরাস প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে সীমিত আকারে ব্যাংকিং কার্যাবলী পরিচালনার উদ্দেশ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতিবিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ০৮ টেক্স, ১৪২৬ বঙ্গবন্ধু/ ২২ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫ এবং অত্র বিভাগের ২৭-০৪-২০২০ তারিখে জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৪)কেভিড-১৯/২০১৯-২০/১৩৩৩ এ বর্ণিত নির্দেশনা যথাযথ অনুসরণ ও পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০২। উপরোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য গ্রাহকদের ব্যাংকে ব্যাপক আকারে সমাগম নিরুৎসাহিত করা হয়েছিল। করোনা ভাইরাস প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক বিভিন্ন নির্দেশনা প্রদান করায় ব্যাংকের যে সকল গ্রাহক/সেবা গ্রহীতাগণ কর্তৃক এপ্রিল/২০২০ এবং মে/২০২০ মাসের মাসিক স্কীমসমূহের কিস্তি যথাসময়ে জমা প্রদান না করায়, অত্র ব্যাংকের প্রচলিত সকল মাসিক জমা ভিত্তিক স্কীমসমূহ জমার নীতিমালা শিথিল করে বিনা জরিমানায় জুন/২০২০ মাসে পূর্বের বকেয়া কিস্তিসহ (এপ্রিল/২০২০ ও মে/২০২০) চলতি মাসের কিস্তি জমা প্রদান করা যাবে। এক্ষেত্রে সোস্যাল ডিসট্যান্সিং সংক্রান্ত WHO গাইডলাইনস যথাযথ পরিপালন এর মাধ্যমে সংশ্লিষ্ট শাখা প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এতদসংক্রান্ত কার্যাবলী সম্পন্ন করতে হবে।

০৩। বিষয়টি জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০১/০৬/২০২০

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যাউবি-১(৩৪)কেভিড-১৯/২০১৯-২০২০/১৩৩৯

তারিখঃ ০১-০৬-২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।

(মুহাম্মদ তাইবুর রহমান)

সহকারী মহাব্যবস্থাপক